

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০- ১১ ৫

তারিখঃ ২১/০৬/২০২০খ্রিঃ

বিষয়ঃ- অন লাইন পাঠদান চালুকরণ প্রসংগে।

- সূত্রঃ- ক) ৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০-৭৯ তারিখঃ ১৬/০৪/২০২০খ্রিঃ
খ) ৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০-৮৪ তারিখঃ ১৬/০৪/২০২০খ্রিঃ
গ) ৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০-৮৫ তারিখঃ ১৬/০৪/২০২০খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রাদয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন প্রবেশ বা সংযুক্তিতে অধ্যয়নরত সকল নার্স ছাত্র-ছাত্রীদের দেশে চলমান করোনা ভাইরাস সংক্রমন সংকট মোকাবেলা এবং হাসপাতালের নার্সিং সেবা বৃদ্ধির নিমিত্ত প্রবেশ বা সংযুক্তি আদেশ সূত্রে বর্ষিত উপরোল্লিখিত ০৩ টি স্মারক দ্বারা বাতিল করা হয়। নোবেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমন ও বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এবং দীর্ঘমেয়াদী প্রভাবের কারণে সংযুক্তিতে অধ্যয়নরত সকল নার্স ছাত্র-ছাত্রীদের সঠিক সময়ে কোর্স সম্পূর্ণ করার লক্ষ্যে আগামি ১ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ হতে সপ্তাহের ০৩ দিন (বৃহস্পতি, শুক্র ও শনিবার) অন লাইন ক্লাস শুরু হবে। স্থানীয় কর্তৃপক্ষগণকে উক্ত ০৩ দিন অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অন লাইন ক্লাস করার সুযোগদানের জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য যে প্রবেশ বা সংযুক্তিতে অধ্যয়নরত সকল শিক্ষক এবং ছাত্র-ছাত্রী সহ নার্সিং ইনস্টিটিউট এর শিক্ষক ও ছাত্র-ছাত্রী যে যেখানে অবস্থান করছেন সেখান থেকে নার্সিং কলেজ/ইনস্টিটিউট সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের পাঠ্যসূচীর উপর স্ব স্ব ব্যবস্থাপনায় অনলাইন পাঠদান কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য অনুরোধ প্রদানসহ চলমান (কোভিড-১৯) চিকিৎসা সেবায় নিয়োজিত শিক্ষক ও ছাত্র-ছাত্রী তাদের উপর অর্পিত দায়িত্ব অব্যাহত রাখার পাশাপাশি অন লাইন ক্লাসে সম্পৃক্ত হবেন। কোন অবস্থাতেই যেন (কোভিড-১৯) চিকিৎসা সেবা প্রক্রিয়া ব্যাহত না হয়। এব্যাপারে সবাইকে সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

মোহাম্মদ আবদুল হাই, পিএএ
(উপসচিব)

পরিচালক (প্রশাসন, শিক্ষা ও প্রশিক্ষণ)

টেলিফোন নং-৯১৩৬৬৭৪

তারিখঃ ২১/০৬/২০২০খ্রিঃ

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০- ২২ ৫/২ (২০০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)।
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব, (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব, (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব (নার্সিং শিক্ষা); স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপসচিব (নার্সিং সেবা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/সদর হাসপাতাল (সকল)
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা (সকল)
- ১১। অধ্যক্ষ, নার্সিং কলেজ (সকল)।
- ১২। অধ্যক্ষ, নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং ইনস্টিটিউটের ইনচার্জ (সকল)।
- ১৩। উপপরিচালক পিএমআইএস শাখা অত্র অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল)।
- ১৪। সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/ জেনারেল/বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ১৫। জেলা পাবলিক হেলথ নার্স সিভিল সার্জন অফিস (সকল)।
- ১৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

পরিচালক (প্রশাসন, শিক্ষা ও প্রশিক্ষণ)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা